ইত্তেফাক

তারিখ 13/11/80
পৃষ্ঠা 1 কলাম 5

# প্রাথমিক শিক্ষকদের রাজনৈতিক স্বার্থে ব্যবহারের প্রবণতা দেখা দিবে'

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা মহানগরীর প্রাথমিক বিদ্যালয়গুলির দায়িত্ব পৌর কর্পোরেশনের হাতে ন্যস্ত করার প্রতিবাদে গতকাল (বুধবার) সকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে এক শিক্ষক সমাবেশ ও পরে শিক্ষা ভবন প্রাঙ্গণে অবস্থান ধর্মঘট হয়।

অবস্থান ধর্মঘটকালে শিক্ষকদের উদ্দেশ্যে জনশিক্ষা পরিচালক ডঃ হাফেজ আহমদ বলেন যে, আগামী দুই তিন দিনের মধ্যে মহানগরীর প্রাথমিক শিক্ষকদের অক্টোবর মাসের বেতন প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত জানান সম্ভব হইবে। ইহার পর শিক্ষকগণ অবস্থান ধর্মঘট স্থগিত ঘোষণা করিয়া চলিয়া যান।

উল্লেখ্য যে, মহানগরীর প্রাথমিক বিদ্যালয়গুলিকে পৌর কর্পোরেশনের অধীনে ন্যস্ত করার প্রতিবাদে মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ ধর্মঘট করিয়া ক্লাশ নেওয়া হইতে বিরত রহিয়াছেন।

গতকাল সকালের বায়তুল

(৮ম পৃঃ ৫এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষকদের রাজনৈতিক

(১ম পৃঃ পর)

মোকাররম প্রাঙ্গণে সমাবেশে প্রধান বক্তা ছিলেন প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ। মহানগরী প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদের আহ্বায়ক জনাব ফজলুর রহমানের সভাপতিত্বে সমিতির সাধারণ সম্পাদক কাজী আ, কা, ফজলুল হক, মোল্লা আবদুর রহমান, জনাব জসীমউদ্দিন, জনাব আবদুস সাত্তার, জনাব আফতাবউদ্দিন, জনাব আবদুল মান্নান আখন্দ, জনাব আবদুল আউয়াল প্রমুখ বক্তৃতা করেন।

প্রধান বক্তা অধ্যাপক আবুল কালাম আজাদ প্রাথমিক শিক্ষকদের সংগ্রামের সমর্থনে আগাইয়া আসার জন্য দেশবাসীর প্রতি আবেদন জানান। তিনি বলেন যে, প্রাথমিক শিক্ষাব্যবস্থা স্থানীয় সরকারের হাতে অর্পণ করা হইলে গ্রাম্য দলাদলি ও বিবাদ বিসম্বাদ শিক্ষাপ্রতিষ্ঠানেও অনুপ্রবেশ করিবে এবং প্রাথমিক শিক্ষকদেরকে রাজনৈতিক স্বার্থে ব্যবহারের প্রবণতা দেখা দিবে। শিক্ষকদের মধ্যে অনিশ্চয়তা ও অস্থিরতা দেখা দিবে।

সভায় অন্যান্য বক্তা আগামী ২৮শে নভেম্বরের মধ্যে মহানগরীর প্রাথমিক বিদ্যালয়গুলিকে পৌর কর্পোরেশনের অধীনে ন্যস্ত করা সংক্রান্ত অধ্যাদেশটি প্রত্যাহারের দাবী জানান। অন্যথায় এইদিন হইতে প্রাথমিক শিক্ষকগণ তুমুল গণ-আন্দোলন শুরু করিবেন বলিয়া তাঁহারা ঘোষণ করেন।

সভায় গৃহীত প্রস্তাবে নূতন অধ্যাদেশটি প্রত্যাহার না করা পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়গুলিতে ধর্মঘট চালাইয়া যাওয়ার সিদ্ধান্ত লওয়া হয়।

অপর এক প্রস্তাবে সরকারী তহবিল হইতে অবিলম্বে প্রাথমিক শিক্ষকদের অক্টোবর মাসের বেতন প্রদানের দাবী জানান হয়।

অপর প্রস্তাবে পৌর কর্পোরেশন কর্তৃক জোর জবরদস্তিমূলকভাবে প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবীর সংগ্রাম বানচালের তীব্র নিন্দা করা হয়।

সভাশেষে মিছিলসহকারে শিক্ষকগণ জনশিক্ষা পরিচালকের কার্যালয় প্রাঙ্গণে যান।